দৈনিক
ইত্তেফাক

তারিখ ... 12 MAY 2008 ....
পৃষ্ঠা 2 কলাম 7

তুচ্ছ ঘটনায় পাল্টাপাল্টি মিছিল, ভাংচুর

# ছাত্র বিক্ষোভের মুখে খুলনা প্রকৌশল ভার্সিটি বন্ধ

॥ খুলনা অফিস ॥

ছাত্র বিক্ষোভের মুখে খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (কুয়েট) বন্ধ ঘোষণা
কর্তৃপক্ষ। তুচ্ছ ঘটনায় দুই ছাত্রের মধ্যে হাতাহাতির জের ধরে পরস্পর বিরোধী দু'গ্রুপ
পাল্টাপাল্টি মিছিল ও ভাংচুরের ঘটনায় কর্তৃপক্ষ এ সিদ্ধান্ত নেয়। ছাত্র-ছাত্রীদের তাৎক্ষণি
ত্যাগের নির্দেশ দিয়েছেন ভিসি। বিক্ষোভরত ছাত্ররা দায়িত্ব অবহেলার অভিযোগে ছাত্র
পরিচালকের পদত্যাগ ও এক ছাত্রের বহিষ্কারের দাবি জানায়। এ ঘটনায় ৭ সদস্যের তদন্ত
গঠন করা হয়েছে।

প্রত্যক্ষদর্শীরা জানায়, গত শনিবার কুয়েটের যন্ত্রকৌশল বিভাগের চতুর্থ বর্ষের ছাত্র
দাসের সাথে ইন্ডাস্ট্রিয়াল ইঞ্জিনিয়ারিং ম্যানেজমেন্টের ছাত্রদের সঙ্গে তুচ্ছ ঘটনাকে কেন্
হাতাহাতি হয়। ঘটনার জের ধরে গতকাল রবিবার সকাল থেকে ক্যাম্পাসে উত্তেজনা ছড়িয়ে
এক পর্যায়ে তড়িৎ ও ইলেকট্রনিক কৌশল বিভাগ, সিভিল ইঞ্জিনিয়ারিং বিভাগ, কম্পিউটার
এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগ ও ইলেকট্রনিক্স এন্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং বিভাগ এবং যন্ত্র
বিভাগের শিক্ষার্থীরা পাল্টা-পাল্টি শ্লোগান দিয়ে দফায় দফায় মিছিল (২য় পৃঃ ৬-এর ক




*খুলনা : কুয়েটের বিক্ষুব্ধ ছাত্রদের প্রশাসনিক ভবন ঘেরাও*

## ছাত্র বিক্ষোভের

(প্রথম পৃঃ পর)

বের করে। এ সময় ক্যাম্পাসে আতঙ্ক ছড়িয়ে পড়ে। মিছিল চলাকালে উত্তেজি
বিভিন্ন ভবনে দরজা-জানালার গ্লাস ভাংচুর করে। বিশ্ববিদ্যালয়ের ভিসিসহ শিক্ষকর
চেষ্টা চালিয়েও ছাত্রদের উত্তেজনা প্রশমনে ব্যর্থ হন। অবশেষে ভিসি প্রফেসর ড. এ
আলী এক নোটিসে সন্ধ্যার মধ্যে ছাত্র-ছাত্রীদের হল ত্যাগের নির্দেশ দিয়ে আগামী ৩:
বিশ্ববিদ্যালয় বন্ধ ঘোষণার নির্দেশ দেন।

এ সময় উত্তেজিত ছাত্ররা বিশ্ববিদ্যালয় ছাত্র বিষয়ক পরিচালক ড. মোঃ আফতাব
বিরুদ্ধে দায়িত্বে অবহেলা এবং শিক্ষার্থীদের সাথে অসদাচরণের অভিযোগ এনে তার পদ
করে। এছাড়া ছাত্ররা ঘটনার মূল নায়ক যন্ত্রকৌশল বিভাগের ছাত্র শিমুল দাসকে বিশ্ববিদ্য
বহিষ্কারের দাবি জানায়। ছাত্ররা ওই দাবিতে বিকালে ভিসির নিকট স্মারকলিপি প্রদান ক

এদিকে এ ঘটনার সুষ্ঠু তদন্তের জন্য পুরকৌশল বিভাগের প্রধান প্রফেসর ড. (
বাশারকে সভাপতি এবং শেরে বাংলা ফজলুল হক হলের সহকারি প্রভোস্ট এ বি এ
হোসেনকে সদস্য সচিব করে ৭ সদস্য বিশিষ্ট তদন্ত কমিটি গঠন করা হয়েছে। সংশ্লিষ্ট
নিকট কমিটিকে যত দ্রুত সম্ভব রিপোর্ট দাখিল করার নির্দেশ দেয়া হয়েছে।